LEGAL AGRO FARM
House No: 61, Borobag, Mirpur, Section-2, Dhaka, 1216 | Cell: +8801711715607 +8801715252539
Email: info@legalgroupbd.com | legalgroupbd@gmail.com | www.legalgroupbd.com

লীগ্যাল এগ্রো ফার্মের ১ম এজিএম-এর সম্পাদকীয় রিপোর্টঃ-

আলহামদুলিল্লাহ, হাঁটিহাঁটি পা পা করে ক্রমেই অগ্রসর হতে হতে আমাদের লীগ্যাল এগ্রো ফার্ম ১ম বর্ষ পেরিয়ে ২য় বর্ষে পদার্পণ করেছে। তারই ধারাবাহিকতায় গত ১৩.১১.২০২১ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় হোটেল ডি ওশেনিয়া, কক্সবাজার-এর মিলনায়তনে অনুষ্ঠিত হয় লীগ্যাল এগ্রো ফার্মের ১ম বর্ষ পূর্তি উদযাপন ও বার্ষিক সাধারণ সভা। লীগ্যাল এগ্রো ফার্মের সম্মানিত আহবায়ক খন্দকার এম এ আউয়াল এর সভাপতিত্বে সভার শুরুতেই সভাপতি সবাইকে আন্তরিক শুভেচ্ছা ও অভিবাদন জানান। অনুষ্ঠানের সঞ্চালনা করেন প্রতিষ্ঠানের সন্মানিত সদস্য সচিব জনাব মাসুদ আলম চৌধুরী। তিনি সভায় সবার সাথে লীগ্যাল এগ্রো ফার্মের প্রতিষ্ঠা ও অগ্রযাত্রার অভিজ্ঞতা শেয়ার করেন এবং প্রতিষ্ঠানের বিভিন্ন কাজের বর্ণনা দেওয়ার পাশাপাশি উপস্থিত সদস্যদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। সভায় উদ্বোধনী বক্তব্যে লীগ্যাল এগ্রো ফার্মের সন্মানিত প্রধান পরামর্শক জনাব রফিকুল ইসলাম রাসেল সাহেব সবাইকে ঐক্যবদ্ধ থাকার ও প্রতিষ্ঠানের নিয়মনীতির প্রতি সকল সদস্যদের সন্মান প্রদর্শনের অনুরোধ জানান। এছাড়া সভায় বক্তব্য প্রদান করেন ও উপস্থিত ছিলেন লীগ্যাল এগ্রো ফার্মের প্রতিষ্ঠাতা সদস্য ও মুখপাত্র ইঞ্জিনিয়ার কাজী এম হাসান, কোষাধ্যক্ষ জনাব সোহাগ আলম, সহ-কোষাধ্যক্ষ জনাব আনোয়ার হোসেন, নির্বাহী পরিষদের সন্মানিত সদস্য জনাব রাজীব কুরী, জনাব সাহিদ হোসেন, জনাব মিজানুর রহমান, জনাব রিপন চৌধুরী সহ অন্যরা। সভায় সর্বসম্মতিক্রমে লীগ্যাল এগ্রো ফার্মের সন্মানিত শেয়ারহোল্ডার জনাব সাহিদ হোসেনকে নির্বাহী পরিষদের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হয়। নবনির্বাচিত নির্বাহী পরিষদের সন্মানিত সদস্য জনাব সাহিদ হোসেন তার বক্তব্যে তাকে নির্বাচিত করার জন্য সবাইকে ধন্যবাদ জানান ও প্রতিষ্ঠানের জন্য নিবেদিত থেকে আন্তরিক ভাবে কাজ করার অঙ্গীকার জ্ঞাপন করেন। এছাড়াও বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ ও আলোচনার শেষে সভার সবার সাথে শুভেচ্ছা বিনিময়ে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ইনশাআল্লাহ আগামী বছরের নভেম্বর মাসে ২য় এজিএম ও ২য় বর্ষ পূর্তি অনুষ্ঠান ঢাকায় অনুষ্ঠিত হইবে। প্রবাসীরা সহ সকল শেয়ারহোল্ডারদের উক্ত মিলনমেলায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

মোঃ মাসুদ আলম চৌধুরী

সদস্য সচিব